দৈনিক বাংলা

তারিখ ২৬।১।৮২
পৃষ্ঠা ...

২৩৭

079

## ৬ হাজার বোর্ডের বইসহ স্কুল শিক্ষক গ্রেফতার

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ, ২২শে জানুয়ারী।— গ্রাম-প্রতিরক্ষা দলের কয়েকজন সদস্য গতকাল গভীর রাতে বাংলাদেশ টেক্সটবুক বোর্ডের প্রায় ৬ হাজার বইসহ একজন শিক্ষককে আটক করে নওয়াবগঞ্জ থানায় সোপর্দ করে। আটককৃত শিক্ষক হচ্ছেন ঢাকা সদর মহকুমার নওয়াবগঞ্জ থানা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক।

(শেষ পৃঃ, ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষক গ্রেফতার

(১ম পৃঃ পর)

ঢাকা সদর মহকুমার পুলিশ প্রশাসক জানিয়েছেন, বিশেষ ক্ষমতা আইনে তাকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে অভিযোগ নওয়াবগঞ্জ থানার কোন একটি ডাকঘর থেকে হাতসাফাই করে কালোবাজারে বিক্রি করার জন্য তিনি এসব বই নওয়াবগঞ্জেরই একটি লাইব্রেরীতে ওঠানোর চেষ্টা করছিলেন। বইগুলো নৌকাযোগে আনা হয়েছিল। রাতের অন্ধকারে ৭ বস্তা বই নৌকা থেকে আনার সময় কর্তব্যরত গ্রাম প্রতিরক্ষা-দলের সদস্যরা উক্ত শিক্ষককে আটক করে নওয়াবগঞ্জ থানায় সোপর্দ করে। থানা তার কাছে কোন বৈধ কাগজপত্র না পেয়ে গতকাল তাকে ঢাকা সদর কোর্টে চালান দেয়। তিনি এখন কোর্ট হাজতে রয়েছেন।